

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd



স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৬.৯৯.০০১.১৬-৬৫৯

তারিখ: ১৭ চৈত্র ১৪২৫
৩১ মার্চ ২০১৯

বিষয় : বিদ্যালয়ের জমি সংক্রান্ত মামলা পরিচালনা ও ব্যয় নির্বাহ নির্দেশনা।

সূত্র: প্রধান শিক্ষক, ইউনাইটেড ইসলামিয়া সরকারি উচ্চ বিদ্যালয়, মাদারীপুর এর স্মারক নং ৩৬১৬/১৯, তারিখ: ১১.০১.২০১৯ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে ইউনাইটেড ইসলামিয়া সরকারি উচ্চ বিদ্যালয়, মাদারীপুর এর জমি সংক্রান্ত মামলা নং-৩১৫৬/২০১১ চলমান থাকায় বিদ্যালয়ের স্থাবর অস্থাবর সম্পত্তি রক্ষার্থে মামলা মোকদ্দমা পরিচালনার জন্য সরকারি কৌসুলী, স্থায়ী ভূমি অফিস, এসি ল্যান্ড অফিস এবং জেলা প্রশাসক অফিসের সাথে যোগাযোগ করতে হবে। সিভিল আইনজীবী নিয়োগসহ প্রয়োজনীয় আইনানুগ কার্যক্রম গ্রহণ করা এবং উচ্চ আদালতে মামলা পরিচালনার ক্ষেত্রে মাননীয় এ্যাটর্নী জেনারেল, বিজ্ঞ ডিএজি, বিজ্ঞ এ.এ.জি বৃন্দের সাথে যোগাযোগ করতে হবে। বিদ্যালয়ের স্থাবর সম্পত্তি রক্ষার দায়ভার বিদ্যালয় কর্তৃপক্ষের উপর বর্তাবে। এ ক্ষেত্রে মামলা পরিচালনার ব্যয়ভার বিদ্যালয়ের বেসরকারি তহবিল হতে সম্পন্ন করা যেতে পারে মর্মে মাউশির বিজ্ঞ উপদেষ্টা মতামত প্রদান করেছেন।

এমতাবস্থায় নিম্ন ও উচ্চ আদালতে মামলা পরিচালনা করার জন্য নির্দেশক্রমে অনুমতি প্রদান করা হলো।

(মো. আমিনুল ইসলাম টুকু)
সহকারী পরিচালক(মাধ্যমিক-১)
ফোনঃ ৯৫৬১২৫৪।

Email: addshesecondary1@gmail.com

প্রধান শিক্ষক

ইউনাইটেড ইসলামিয়া সরকারি উচ্চ বিদ্যালয়
মাদারীপুর

অনুলিপি সদয় অবগতির জন্য: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ০১। জেলা প্রশাসক, মাদারীপুর।
- ০২। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ঢাকা অঞ্চল, ঢাকা।
- ০৩। জেলা শিক্ষা অফিসার, মাদারীপুর।
- ০৪। বিজ্ঞ জি.পি(সরকারি উকিল), জজ কোর্ট, মাদারীপুর।
- ০৫। সংরক্ষণ নথি।